132

দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 JAN 1994
পৃষ্ঠা ৬ কলাম ৩

# ঢাকা বিশ্ববিদ্যালয় ॥ সাড়ে ৩শ' শিক্ষকের পদ শূন্য

ইলিয়াস খান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে সাড়ে তিনশ' শিক্ষকের পদ খালি রয়েছে। এছাড়া দেশের বাইরে রয়েছেন প্রায় দু' শ' শিক্ষক। ফলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে ব্যাপকভাবে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র মতে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০টি বিভাগ ও ৭টি ইনস্টিটিউটে ১৩শ' ৭টি শিক্ষকের পদ রয়েছে। বর্তমানে এসব পদে শিক্ষক রয়েছেন সাড়ে ৯শ'-র মতো। এছাড়া নতুন প্রতিষ্ঠিত চারটি বিভাগে ন্যূনতম প্রয়োজনীয় শিক্ষকও নেয়া হয়নি। ফলে ঢিমেতালে চালাতেও কষ্ট হচ্ছে বিভাগগুলো। সূত্র জানায়, উল্লেখিত খালি পদসমূহে দীর্ঘদিন ধরে খালি পড়ে রয়েছে। নিয়োগ দেয়া হচ্ছে না কোন শিক্ষকের। বিভিন্ন বিভাগে এ কারণে রয়েছে শিক্ষক স্বল্পতা। ফলে বিশ্ববিদ্যালয়ের নিয়মের বাইরেও অতিরিক্ত ক্লাস নিতে হচ্ছে শিক্ষকদের।

বিশ্ববিদ্যালয় প্রকাশিত হিসাব অনুযায়ী দেখা যায়, বিশ্ববিদ্যালয় অনুমোদিত ইমেরেটাস অধ্যাপকের পদ রয়েছে ১৬টি। কিন্তু বর্তমানে এই পদে রয়েছেন ৯ জন শিক্ষক। খালি পড়ে রয়েছে ৭টি পদ। একইভাবে অধ্যাপকের পদ রয়েছে ২শ' ৭৪টি। বর্তমানে আছে ২শ' ৩৮ জন। সহযোগী অধ্যাপকের পদ রয়েছে ৩শ' ৪৫টি। বর্তমানে আছেন ২শ' ৮২ জন। সহকারী অধ্যাপকে অনুমোদিত পদ রয়েছে ৩শ' ৬৩টি। ২শ' ৮২টি পদে শিক্ষক রয়েছেন। খালি পড়ে আছে শতাধিক পদ লেকচারারের ক্ষেত্রেও। এই পদে অনুমোদন রয়েছে ২শ' ৩২টির। কিন্তু বর্তমানে এ পদে শিক্ষক আছেন মাত্র ১শ' ১৭ জন। খন্ডকালীন শিক্ষকের পদ রয়েছে ৭৭টি। এই পদে রয়েছে ৭১ জন।

এছাড়া দেখা যায় বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষক দেশের বাইরে যান তারাও সময় মতো ফেরেন না। বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী উচ্চতর ডিগ্রী লাভের জন্য বিদেশের কোন বিশ্ববিদ্যালয়ে পাওয়া যায়। কিন্তু ডিগ্রী লাভের পর দেশের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে যোগদান করতে হয়। কিন্তু অধিকাংশ শিক্ষকই এ নিয়মের তোয়াক্কা করছেন না। বিদেশে থেকে দেশের বিশ্ববিদ্যালয়ের সুযোগ-সুবিধা নিয়েও শেষ পর্যন্ত দেশে ফেরেন না।

ফলে মেধার সাথে ক্ষতি হয় অর্থেরও। এ অবস্থা রোধকল্পে বর্তমানে প্রায় প্রতি সিন্ডিকেট বৈঠকেই অননুমোদিতভাবে বিদেশে অবস্থানরত শিক্ষকদের চাকরিচ্যুত করা হচ্ছে।